

## আর্টিকল মার্কেটিং

আর্টিকল হলো কোনো বিষয়ের ওপর লেখা বা রচনা। ইন্টারনেটে অনেকে আর্টিকল লিখে সাবমিট করে। আবার অনেক ইন্টারনেট ব্যবহারকারী বিভিন্ন তথ্য আহরণের জন্য এই আর্টিকল সাইটগুলোতে এসে তাদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন। যার ফলে এই সাইটগুলোতে লক্ষ-কোটি ভিজিটরের প্রবেশ ঘটে। এ লেখায় দেখানো হয়েছে এই আর্টিকলগুলোর মাধ্যমে কীভাবে আয় বাড়ানো যায়।

আর্টিকল মার্কেটিং একটি খুব ভালো পদ্ধতি প্রচুর ট্রাফিক আপনার সাইটে আনার জন্য। আপনার সাইটটি যে বিষয়ের ওপর তৈরি করা, তার ওপর আর্টিকল লিখবেন। যেমন- যদি আপনার সাইট সঙ্গীতবিষয়ক হয়, তাহলে আপনি সঙ্গীতবিষয়ক আর্টিকল লিখবেন। আপনি যদি আপনার সাইটে বিনামূল্যে প্রচুর ভিজিটর আনতে চান, তাহলে জেনে নিন কীভাবে আর্টিকল রাইটিং কাজ করে। আপনি কিছু ফ্রি আর্টিকল সাবমিশন সাইটে আপনার আর্টিকলটি সাবমিট করতে পারেন। এতে কিছু সময় হয়তোবা খরচ হবে, কিন্তু আর্টিকলটি সুন্দর হলে এটি সার্চ ইঞ্জিনে আসবে এবং এর ফলে আপনার সাইটে প্রচুর ভিজিটর পাবেন। এজন্য আপনাকে আর্টিকল রাইটিং ও পাবলিশিংকে একটি অভ্যাসে পরিণত করতে হবে- সেটি একটি হোক বা ১০টি। আপনি যদি ৩০ দিনে ৩০টি আর্টিকল লেখেন, তাহলে আপনার সাইটের ভিজিটর মুখে মুখেই বেড়ে যাবে। এখানে ধারাবাহিকতা মূল ব্যাপার। এরপর সংখ্যা। যত বেশি আর্টিকল লিখবেন, আপনি তত বেশি ভিজিটর পাবেন।

## Ezine.com

আপনি যদি বিভিন্ন আর্টিকল সাবমিটিং সাইটগুলোতে আর্টিকল সাবমিট করতে চান, তাহলে কিছু ইউনিক আর্টিকল তৈরি করুন। এর ফলে আপনার সাইটে প্রচুর ভিজিটর পাবেন। যদি নিজ থেকে প্রচুর তথ্য সংবলিত আর্টিকল লিখতে পাবেন, তাহলে সরাসরি আপনার আর্টিকল সাবমিট করতে পারবেন। অন্যথায় একটি বিকল্প পদ্ধতি অবলম্বন করতে পারেন। সেটি নিম্নে বর্ণিত হলো :

www.ehow.com-এ প্রবেশ করুন এবং যেকোনো একটি বিষয় সিলেক্ট করুন।



চিত্র-০১

এবার ওই বিষয়সংশ্লিষ্ট অনেকগুলো আর্টিকল আসবে, আপনার পছন্দমতো যেকোনো একটি আর্টিকল সিলেক্ট করুন।

# ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-১১

ইঞ্জিনিয়ার নাহিদ মিশুন




চিত্র-০২

ওই আর্টিকলটি আপনার সামনে চলে আসবে। এবার ওই পেজের আর্টিকলটি সিলেক্ট করে কপি করুন।




চিত্র-০৩

আপনার কমপিউটার থেকে একটি নোটপ্যাড নিন এবং সেখানে পেস্ট করুন।



চিত্র-০৪

সফটওয়্যারটির নাম হচ্ছে DUPEFREEPRO.



চিত্র-০৫

আপনি মূল আর্টিকলটি (যেটি আপনি ehow.com থেকে কপি করেছেন) dupefree সফটওয়্যারের প্রথম ঘরে এবং আপনার লেখা আর্টিকলটি দ্বিতীয় ঘরে দিয়ে নিচের কমপিউটারে

ক্লিক করুন, তাহলে আপনার লেখা আর্টিকলটি original ezine আর্টিকলকে কতটুকু ডুপ্লিকেট করেছে তা ওই (%) ঘরে দেখা যাবে।



চিত্র-০৬

এর অর্থ হচ্ছে আপনার লেখা আর্টিকলটি মূল আর্টিকলের সাথে তুলনা করলেন। আপনার (%) যদি সর্বোচ্চ ২০ দেখায়, তাহলে আপনার লেখা আর্টিকলটি আর্টিকল সাইটে সাবমিট করতে পারবেন। আপনার সাইটে ভিজিটর অর্থাৎ আয় বাড়ানোর জন্য কৌশলে আর্টিকলের ভেতরে আপনার সাইটের তথ্য ও ইউআরএল সংযুক্ত করে দেবেন, যাতে ভিজিটররা আর্টিকল পড়ার সময় প্রাণ্ড ইউআরএলে ক্লিকের মাধ্যমে আপনার সাইটে পৌঁছতে পারে। আর্টিকল তৈরি হয়ে গেলে ezine.com-এ প্রবেশ করুন এবং Submit Article-এ ক্লিক করুন।



চিত্র-০৭

আপনার কাছে একটি Form আসবে, সেটি পূরণ করুন। Create My Account-এ ক্লিক করুন।



চিত্র-০৮

তাহলে আপনার সামনে একটি পেজ আসবে, যেখানে আপনার আর্টিকলটি পেস্ট করবেন।



চিত্র-০৯



চিত্র-১০



চিত্র-১১




চিত্র-১২



কিওয়ার্ড অবশ্যই দেবেন, তা না হলে আর্টিকল সাবমিট হবে না। আপনার সাইটে ভিজিটর অর্থাৎ আয় বাড়ানোর জন্য কৌশলে আপনার আর্টিকলের ভেতরে সাইটের তথ্য ও ইউআরএল সংযুক্ত করে দেবেন, যাতে ভিজিটররা আর্টিকল পড়ার সময় প্রাপ্ত ইউআরএলে ক্লিক করে আপনার সাইটে পৌঁছতে পারে।

Submit This Article-এ ক্লিক করুন এবং অপেক্ষা করলে একটি ডায়ালগ বক্স আসবে।

আপনার আর্টিকলটি Ezine রিভিউ করবে এবং সাত দিনের মধ্যে এটি ezine-এ খুঁজে পাবেন। আপনার আর্টিকলের মধ্যে আপনার সাইটগুলোর মার্কেটিং করবেন আয় বাড়ানোর জন্য 

ফিডব্যাক :

[mentorsystems@gmail.com](mailto:mentorsystems@gmail.com)